সমকাল

তারিখ ... 24 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# উপাচার্যদের দুর্নীতি অনিয়মে ছাড় দেওয়া হবে না

—— ইউজিসি চেয়ারম্যান

■ সমকাল প্রতিবেদক

সরকারের প্রশাসনিক ও আর্থিক বিধিবিধান এবং নীতিমালা সঠিকভাবে মেনে চলার জন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের আহ্বান জানিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোনো ধরনের অনিয়ম-দুর্নীতির ক্ষেত্রে ইউজিসি কোনো ছাড় দেবে না বলেও হুঁশিয়ারি দেন তিনি।

গত রোববার ইউজিসি অডিটরিয়ামে ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, ট্রেজারার, রেজিস্ট্রার ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তার সঙ্গে মতবিনিময়কালে তিনি এ হুঁশিয়ারি দেন। অনুষ্ঠানে ইউজিসি সদস্য অধ্যাপক দিল আফরোজা বেগম, অধ্যাপক আখতার হোসেন, অধ্যাপক এম শাহ নেওয়াজ আলী প্রমুখ উপস্থিত ছিলেন। এ সময় প্রতিষ্ঠানটির সচিব মো. খালেদ সরকারি ও ইউজিসির বিধিবিধানের বিভিন্ন দিক তুলে ধরেন।

সভায় দুষ্কৃতকারীদের হাতে নিহত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীর স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। এ ছাড়া সম্প্রতি নারায়ণগঞ্জের স্কুলশিক্ষক শ্যামল কান্তি ভক্তের লাঞ্ছিত হওয়ার ঘটনায় সভায় তীব্র নিন্দা জ্ঞাপন করা হয়।